গাংনী থানা পুলিশের অভিযানে ২ জন গ্রেফতার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে নিয়মিত মামলায় দুই আসামী গ্রেফতার করেছে।

মঙ্গলবার দিবাগত রাতে অভিযন চালিয়ে এদের গ্রেফতার করা হয়। গাংনী থানার ডিউটি অফিসার এসআই জাহাঙ্গীর আলম এ তথ্য নিশ্চিত করেছেন।

এদিকে গত ২৪ ঘন্টায় গাংনী, মুজিবনগর ও সদর থানায় পৃথক ঘটনায় তিনটি মামলা এফআইআরভুক্ত হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। গ্রেফতারকৃতদের আজ বুধবার (২২ জুন) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর শহরের মাঠপাড়া থেকে হেরোইনসহ লিখন আটক

মেহেরপুর শহরের মাঠপাড়াতে আভিযান চালিয়ে ৩ গ্রাম হেরোইনসহ লিখন হোসেন (৩৫) নামের এক হেরোইন বিক্রেতাকে আটক করেছে সদর থানা পুলিশ। আটক লিখন মিয়া শহরের ৪ নং ওয়ার্ড মাঠপাড়া এলাকার ইলিয়াস হোসেনের ছেলে।

সদর থানার উপপরিদর্শক (এসআই) এসআই (নি:) সুমন মিয়ার নেতৃত্বে এস আই মিঠুুন কুমার বিশ্বাস সহ সঙ্গীয় ফোর্স মেহেরপুর পৌরসভার মাঠপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করেন। এসময় তার কাছ থেকে ৩ গ্রাম হেরোইন উদ্ধার করেন।

সদর থানার ওসি জুলফিকার আলী জানান, আটক লিখন মিয়ার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। আজ বুধবার (২২ জুন) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজে প্রেরণ করা হবে।

মেহেরপুর শহরের কাশ্যবপাড়া থেকে হেরোইনসহ তিন জন আটক

মেহেরপুর শহরের ক্যাশবপাড়াতে অভিযান চালিয়ে ৫ গ্রাম হেরোইনসহ ৩ মাদক কারবারীকে আটক করেছে সদর থানা পুলিশের একটি ইউনিট।
আটকরা হলেন, বেড়পাড়া এলাকার মৃত আঃ হামিদের ছেলে রনি বিশ্বাস (৩৪), একইপাড়ার দুখু শেখের ছেলে মো: রকিব (৩৫) ও কাশ্যবপাড়া এলাকার ইয়ারুল ইসলামের ছেলে জনিরুল ইসলাম (২৫)।

মঙ্গলবার (২১ হুন) দিবাগত রাত ১১ টার দিকে মেহেরপুর সদর থানার উপপরিদর্শক (এসআই নিঃ) শুভ কুমার রায় এর নেতৃত্বে এ এস আই শাকিল খান সহ সঙ্গীয় ফোর্স মেহেরপুর পৌরসভার কাশ্যবপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করেন। এসময় তাদের কাছ থেকে ৫ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

এসআই (নিঃ) শুভ কুমার রায় জানান, মাদক কারবারী একটি দল শহরের কাশ্যবপাড়ায় হেরোইন বেচাকেনা করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের হাতেনাতে আটক করা হয়। হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আজ বুধবার (২২ জুন) সকালে আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

গাংনীতে দিনভর পৃথক সংঘর্ষে ১৫ জন আহত

গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে জমি জমা, বিয়ে ভাঙ্গা ও হোটেলে খাবার দেরিতে দেয়াকে কেন্দ্র করে পৃথক সংঘর্ষে নারিসহ ১৫ জন আহত হয়েছেন।

আহতরা, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ২৫০ শয্যা মেহেরপুর জেনারেল হাসপাতাল ও কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।
সূত্র মতে, মঙ্গলবার বিকালে গাংনী উপজেলার করমদি গ্রামে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে মামুনর রশিদ (৪৫) ও তার স্ত্রী মমতাজ বেগম (৪০) কে লাঠি দিয়ে দিয়ে পিটিয়ে আহত করেছেন আপন ভাই কাওছার আলী ও ওয়াজেদ আলী। আহত মামুনর রশিদ ও তার স্ত্রী মমতাজ বেগম গাংনী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এঘটনায় মামুনর রশিদ বাদী হয়ে দুই ভাইয়ের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করেছেন। একই দিন
সকাল ৯ টার দিকে গাংনী উপজেলার রাইপুর গ্রামে সনাতন ধর্মী হিন্দু পরিবারের মেয়ের বিয়ে ভেঙ্গে দেওয়ার অভিযোগ এনে একই পিরিারের তিনজনকে পিটিয়ে আহত করেছেন। আহতরা হলেন, রাইপুর গ্রামের আমিরুল ইসলাম (৫৫), তার স্ত্রী জুলেখা খাতুন (৫০), ছেলে লিখন হোসেন (২১)। আহত লিখন জানান, প্রতিবেশী হিন্দু ধর্মাবলম্বী আনন্দ দাশের মেয়ে বন্যা দাশের বিয়ে ভেঙ্গে গেছে। আনন্দ দাশ তার মেয়ের বিয়ে ভেঙ্গে দেওয়ার মিথ্যা অভিযোগ দিয়ে প্রথমে আমার মাকে মার। পরে আমার বাবা ও আমাকে মারধর করে। আনন্দ দাশের বাবা সুশান্ত দাশ ও পরি দাশ সবাই মিলে করে আমাদের উপর।
একই দিন চাঁদপুর গ্রামের মাদ্রাসার বাউন্ডারির মধ্যে গরু যাওয়াকে কেন্দ্র সকাল সাড়ে ৭ টার দিকে একই পরিবারের নারীসহ তিনজনকে পিটিয়ে আহত করেছেন গরুর মালিক মাজেদ আলীর ছেলে আক্তারুজ্জামান। আহতরা হলেন, ইলিয়াছ হোসেন (৫৫), তার স্ত্রী নাজেরা খাতুন (৫০) ও পুত্রবধু রুমি খাতুন (৩০)। এদের মধ্যে নাজেরা খাতুন কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ও ইলিয়াছ হোসেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন।
মঙ্গলবার বিকালের দিকে এ উপজেলার গাঁড়াডোব গ্রামের পারিবারিক বিরোধের জের ধরে রফিকুল ইসলাম (৪৫) ও তার স্ত্রী হামিদা খাতুন
(৪০) কে পিটিয়ে আহত করেছে প্রতিপক্ষরা। আহতরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন।
দুপুরের দিকে গাংনীর ঐতিহ্যবাহি সোবহান হোটেলে ভাত দিতে দেরী হওয়াকে কেন্দ্র করে সৃষ্ট সংঘর্ষে দুপক্ষের ৪ জন আহত হয়েছেন। আহতরা হলেন চৌগাছা গ্রামের আমিরুল শাহর ছেলে আশিকুজ্জামান পিন্টু, (৩০), ইন্টু রাজ (২), সোবহান হোটেলের কর্মচারী কাজিপুর গ্রামের মশিউর রহমানের ছেলে সুজন (২৬) ও সুজন হোসেন (৩০)।
এদের মধ্যে পিন্টু ইন্টুরাজকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও হোটেলের কর্মচারী সুজনকে আড়াই শ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) শরিফুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনীতে ৫০পিচ ইয়াবাসহ যুবক আটক

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে ৫০ পিচ ইয়াবাসহ আশিক ইসলাম
(২১) নামের এক যুবককে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার সময় গাংনী উপজেলার মোহাম্মদপুর বাগানপাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক আশিক একই উপজেলার কাজীপুর গ্রামের নিয়ামত আলীর ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে, গোপন সূত্রে খবর পেয়ে ডিবি পুলিশের এসআই বিশ্বজিৎ সরকারের নেতৃত্বে এএসআই হেলাল উদ্দিন, এএসআই মাহাতাব উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে গাংনী মোহাম্মদপুর বাগানপাড়া এলাকায় অভিযান চালিয়ে আশিককে আটক করে। এসময় আশিকের কাছ থেকে ৫০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

আশিকের বিরুদ্ধে গাংনী থানায় মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

গাংনীতে শিক্ষকের বিরুদ্ধে

ভিক্ষুকের টাকা আত্মসাতের অভিযোগ

গাংনীর জোড়পুকুরিয়া জেটিএস মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক হামিদুল ইসলামের বিরুদ্ধে ভিক্ষুকের টাকা আত্নসাতের অভিযোগ উঠেছে।

জমি বিক্রির নগদ এক লাখ টাকাসহ অন্ততঃ দুই লাখ টাকার মালামাল আত্মসাত করে বাড়ি থেকে বিতাড়িত করা হয়েছে বলে অভিযোগ করেছেন হাজেরন নেছা নামের এক ভিক্ষুক। টাকা ফেরত পেতে বিভিন্ন মহলের দ্বারে দ্বারে ঘুরেও কোন লাভ হয়নি।

ভিক্ষুক হাজেরন নেছা জানান, এ উপজেলার ভবানীপুর গ্রাম ছেড়ে বছর দশেক আগে তিনি শিক্ষক হামিদুলের বাড়ি তেরাইল গ্রামে আশ্রয় নেন। সেসময় তাকে একটি ঘর করে দিবেন ও যতদিন বাঁচবেন ততোদিন খাবারসহ যাবতীয় ভার বহন করবেন বলেও প্রতিশ্রুতি দেন।

সেসময় বৃদ্ধার কাছে থাকা জমি বিক্রির এক লাখ টাকা নিয়ে নেন এবং ১০ বছর যাবত বিভিন্ন গ্রাম থেকে ভিক্ষার টাকা ও ধান চাল বিক্রির যাবতীয় অর্থ হাতিয়ে নেন।

মাস দুয়েক আগে শিক্ষক হামিদুলের স্ত্রী ওই ভিক্ষুকের সাথে অসদাচরণ করেন এবং হামিদুলসহ পরিবারের লোকজন ভিক্ষুককে বাড়ি থেকে তাড়িয়ে দেন। নগদ টাকাসহ দশ বছরের ভিক্ষার টাকা ফেরত চাইলে হামিদুল মারমুখি হন। তাছাড়া বাড়িতে প্রবেশ করতে বাঁধা দেন। ভিক্ষুক হাজেরন অনুনয় বিনয় করে টাকা চাইলেও তা দেয়া হয়নি।

এব্যাপারে বিভিন্ন মিডিয়ার সাংবাদিকগণ হামিদুলের কাছে বিষয়টি জানতে চান এবং এক পর্যায়ে কিছু টাকা নেয়ার কথা স্বীকার করেন। হামিদুল ওই বৃদ্ধার একটি ঘরের ব্যবস্থা করে দেয়া ছাড়াও কিছু টাকা ফেরত দেয়ার প্রতিশ্রুতি দেন এবং এক সপ্তাহ সময় চান। বৃদ্ধা রাজি হবার মাস খানেক পেরিয়ে গেলেও আজও কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। ঠাঁই মেলেনি ওই বৃদ্ধার।

স্থানীয় লোকজন জানান, ভিক্ষুক হাজেরন ভিক্ষা করে বিভিন্ন গ্রামে জমা রাখতেন। পরে হামিদুল ভ্যানযোগে তা নিয়ে বিক্রি করতেন। প্রতিদিনের ভিক্ষার টাকা তুলে দিতে হতো হামিদুলের হাতে।

হাজেরনের টাকায় নিজের বাড়ি তৈরী করেছেন ওই শিক্ষক। নতুন ঘরে ওঠার সাথে সাথে শিক্ষক হামিদুল বদলে যান এবং ভিক্ষুককে তাড়িয়ে দেন।

বিষয়টি জানার জন্য সাংবাদিকগণ শিক্ষক হামিদুলের সাথে মুঠো ফোনে যোগাযোগের চেষ্টা করলেও তিনি ফোনটি রিসিভ করেন নি।

অভিযুক্ত হামিদুল ইসলাম জানান, স্থানীয় একটি গোষ্ঠীর সাথে আমার পূর্ব শত্রুতা থাকায় ওই গোষ্ঠিটি ভিক্ষুককে দিয়ে একটি মিথ্যা গল্প বানিয়েছে।ভিক্ষুক আমার বাড়িতে থাকতো। সে যা ভিক্ষা করে নিয়ে এসেছিল সেটা তার রাখা ডাইরিতে লেখা আছে।ঈদের পর দিন আমার বাড়ি থেকে চলে গেছে সে। পরের দিন তার কিছু চাল ডাল ছিল সেগুলোও নিয়ে গেছে। কয়েক হাজার টাকা আছে সে আসলেই টাকাটা দিয়ে দেবো।এর মধ্যে ওই গোষ্ঠিটি সাংবাদিকদের দিয়ে মিথ্যা গল্প বানিয়ে আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করছে। আমি এই মিথ্যা সংবাদের তীব্র নিন্দা জানাচ্ছি।

শোলমারী সরকারী প্রাথমিক বিদ্যালয় উভয় গ্রুপই উপজেলা চ্যাম্পিয়ন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্টে আশরাফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়কে হারিয়ে শোলমারী সরকারি প্রাথমিক বিদ্যালয় উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে।

একইভাবে বঙ্গবন্ধুমাতা শেখ ফজিলাতুন্নেছা ফুটবল টূর্ণামেন্টের (বালিকা) চ্যাম্পয়িন হয়েছে একই বিদ্যালয়ের খুদে খেলোয়াররা ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্টে রানার্স আপ হয়েছে আশরাফপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং বঙ্গবন্ধুমাতা শেখ ফজিলাতুন্নেছা বঙ্গমাতা ফুটবল টূর্ণামেন্টের (বালিকা) আমদহ সরকারী প্রাথমিক বিদ্যালয়।

মেহেরপুর সদর উপজেল প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে মঙ্গলবার সকালে মেহেরপুর সদর উপজেলা বামনপাড়া কাজী কুদরুলতুল ইসলাম মাধ্যমিক বিদ্যালয় মাঠে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। ফাইনল খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলকে আনুষ্ঠানিকভাবে ট্রপি তুলে দেওয়া হয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত পুরুস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, কাজী কুদরুলতুল ইসলাম মাধ্যমিক বিদ্যালযয়ের প্রধান শিক্ষক আমজাদ হোসেন, শিক্ষক প্রতিনিধি ও রঘুনাতপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহিদুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো: আপিল উদ্দীন।

ফাইনাল খেলায় ট্রাইবেকারে সদর উপজেলার আশরাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ২-১ গোলে শোলমারী সরকারি প্রাথমিক বিদ্যালয় বালক এবং আমদহ সরকারি প্রাথমিক বিদ্যালয় ১-০ গোলে পরাজিত করে একই বিদ্যালয়ের বালিকা দল।

মেয়াদ উত্তীর্ণ ওষধ থাকায় মুজিবনগরে দুই ওষধ ব্যবসায়ীকে অর্থদন্ড

মুজিবনগরে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে দুই ওষধ ব্যবসায়ীকে ৬ হাজার টাকা অর্থদন্ড করেছেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (২১জুন)দুপুরের দিকে মুজিবনগর উপজেলার হাসপাতাল গেটের সিএম মেডিকেল হল ও হামীম ফার্মেসি এ অভিযান পরিচালনা করেন

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ।

ওই ফার্মেসী দুটিতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে হামীম ফার্মসীর মালিক হাফিজুর রহমানকে ৩ হাজার টাকা ও সিএম মেডিকেল হলের মালিক একেএম কামরুজ্জামানকে ৩ হাজার টাকা করে দুই ব্যবসায়ীকে ৬ হাজার টাকা অর্থদন্ড করেন। একই সাথে মেয়াদ উত্তীর্ণ বিভিন্ন ওষধ জব্দ করে বিনষ্ট করেন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, ভোক্তাঅধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫১ ধারা মতে ওই দুই ব্যবসায়ীকে ৬০০০ টাকা অর্থদন্ড করা হয়েছে।

এসময় মেহেরপুর স্যানেটারী পরিদর্শক তারিকুল ইসলাম ও মুজিবনগর থানা পুলিশের একটি দল সাথে ছিলেন।

মেহেরপুরে ফল মেলা ও আলোচনা সভা অনুষ্ঠিত

“বছর ব্যাপী ফল চাষে, অর্থ পুষ্টি দুই-ই আসে “এই প্রতিপাদ্যে ২১-২৩ জুন তিন দিনব্যাপী কৃষি সম্প্রসারণ ও জেলাপ্রশাসকের উদ্যোগে ফল মেলা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার সকালে কৃষি সম্প্রসারণের খামারবাড়ি চত্বরে এ মৌসুমি ফল মেলার আয়োজন করা হয়। বিভিন্ন ধরনের ফলে সুঘ্রাণে মুখরিত ছিল অনুষ্ঠান স্থল।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপপরিচালক কৃষিবিদ শামসুল আলম।
প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম।

এ ছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বারাদি হটিকালচারের

উপপরিচালক হাবিবুল ইসলাম খান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক এ কে এম কামরুজ্জামান, সদর উপজেলা কৃষি কর্মকর্তা নাসরিন পারভীন সহ বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী, কৃষক ও খামারি প্রমুখ।

এ ফল মেলায় আম, কাঠাল, আনারস, পেপে, পেয়ারা, লিচু, কলা, লটকন, জামরুল, খেজুর, ড্রাগন প্রভৃতি ফলসহ প্রায় ২০ প্রজাতির ফল প্রদর্শন করা হয়। জাঙ্ক ফুড ও অস্বাস্থ্যকর খাবার থেকে বিরত রাখা এবং পুষ্টিমান সম্পন্ন নানান ধরনের ফলের সাথে পরিচয় করিয়ে দিতে এই আয়োজন করা হয়।

মেহেরপুরে বজ্রপাতে কৃষক নিহত, আহত দুই গৃহবধুসহ ৪ জন

মেহেরপুরে পৃথক স্থানে বজ্রপাতে আবু বক্কর সিদ্দিক (৪৫) নামে এক কৃষক নিহত ও দুই গৃহবধু আহত হয়েছেন। নিহত আবু বক্কর সিদ্দিক মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের রিয়াজ উদ্দীনের ছেলে।

আজ মঙ্গলবার (২১ জুন) দুপুরের দিকে এ বজ্রপাতের ঘটনা ঘটে।

এছাড়া আহতরা হলেন একই উপজেলার গোপালপুর গ্রামের আব্দুস সালামের স্ত্রী আঙ্গুরা খাতুন (৩০) ও রাজাপুর গ্রামের মজিদুল ইসলামের স্ত্রী কহিনুর বেগম (২৫), রাধাকান্তপুর গ্রামের কৃষক আহসান আলী
(৪০) ও রহমতুল্লাহ ।

আহত আঙ্গুরা ও কহিনুরের অবস্থা আশংকাজনক বলে জানিয়েছেন ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক বেলাল সুমন।

স্থানীয়রা জানান, কৃষক আবু বক্কর সিদ্দিক স্থানীয় মাঠে ধান রোপন করছিলেন। ঝুম বৃষ্টির সাথে বজ্রপাত হলে আবু বক্কর সিদ্দিক গুরুতর আহত হন। আহতাবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে

নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত্যু ঘোষণা করেন।

২৫০ শয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক বেলাল সুমন জানান, আহত দুই নারীর অবস্থা আশংকাজনক। হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে তাদের।